# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

## আরবী

وَفِي رِوَايَةِ الْبُخَارِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: إِذَا تَثَاءَبَ أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَلْيَكْظِمْ مَا اسْتَطَاعَ وَلَا يَقُلْ: هَا فَإِنَّمَا ذَلِكُمْ مِنَ الشَّيْطَان يضْحك مِنْهُ

## বাংলা

৯৮৬-[৯] ইমাম বুখারীর এক বর্ণনায় আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যখন তোমাদের কারও সালাতের মধ্যে 'হাই' আসে, তখন সে যেন স্বীয়শক্তি অনুযায়ী তা প্রতিরাধ করতে চেষ্টা করে এবং 'হা' করে মুখ খুলে না দেয়। নিশ্চয়, এটা শায়ত্বনের (শয়তানের) পক্ষ হতেই হয়ে থাকে, শায়ত্বন (শয়তান) তাতে হাসে।[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬২২৬; তবে তাতে صلاة শব্দের উল্লেখ নেই।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَلَا يَقُلْ: هَا) “হা বলবে না ” অর্থাৎ ‘হাই’ তোলার সময় আওয়াজ করবে না। (فَإِنَّمَا ذَلِكُمْ مِنَ الشَّيْطَان) “এটা শায়ত্বনের (শয়তানের) কাজ” অর্থাৎ ‘হাই’ তোলা অথবা “হা” বলা শায়ত্বনের (শয়তানের) কাজ।

ইবনু বাত্তাল বলেনঃ হাই তোলাকে শায়ত্বনের (শয়তানের) কাজ বলার মর্ম হল যে, শায়ত্বন (শয়তান) এ কাজে সন্তুষ্ট হয়। এর মাধ্যমে সে মানুষকে এ কাজের অবস্থায় দেখতে পছন্দ করে। কেননা এতে সে অলস হয়ে পরে। আর শায়ত্বন (শয়তান) এটাই চায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55545

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন